West Bengal Form No. 27

I178 1e

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

Darjeeling P.S. Siliguri Year 2023 FIR No. 78/23 Date 05.02.23

(i) Act IPC Sections 406/417/420/323/324/506/120B

(iii) Act ........ Sections ........ (iv) Others Acts & Sections ........

3. (a) Occurrence of Offence : Day ........ Date From 12.01.2023 Date To 03.02.2023

Time Period ........ Time From ........ Time To 19:00 hrs

(b) Information received at P.S. Date 05.02.23 Time 14.25 hrs

(c) General Diary Reference : Entry No(s). 276 Time 14.25 hrs.

4. Type of Information : Written ........ Written / Oral

5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. 800 mts. South Beat No. ........

(b) Address Sreemaa Sarani, Babupara, PS- Siliguri, Dist- Darjeeling.

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S ........ District ........

6. Complainant / Informant :

(a) Name Biswajit Moitra

(b) Father's / Husband's Name S/o - Lt. Dinesh Ch. Moitra

(c) Date / Year of Birth ........ (d) Nationality Indian

(e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........

(f) Occupation ........

(g) Address Sreemaa Sarani, Babupara, PS- Siliguri, Dist- Darjeeling.

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

(i) Usha Ranjan Moitra (ii) Surojit Moitra.

8. Reasons for delay in reporting by the Complainant / Information

/

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

/

10. Total value of properties stolen / involved /

11. Inquest Report / U.D. Case No., if any /

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which treated as FIR enclosed here with.

13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed SI Azizul Hoque of Siliguri PS to take up investigation / refused investigation / transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

Noted in written complaint

14. Signature / Thumb impression

of the Complainant / Informant

Inspr 05/02/23

Signature of the Officer-in-Charge, Police Station

Siliguri Police Station, Siliguri Police Commissionerate

Name : Kamal Biswas

Rank : No. IC of Police

On 06.02.23 at 10.30 hrs.

15. Date & Time of despatch to the court :

To,
The Inspector-in-Charge,
Siliguri Police Station,
Siliguri, District Darjeeling.

Date 05.02.2023

মহাশয়,

আমি, শ্রী বিশ্বজিৎ মৈত্র, পিতা স্বর্গীয় দীনেশ চন্দ্র মৈত্র, সাকিন "কমলালয়", শ্রীমা সরণি, বাবুপাড়া, থানা শিলিগুড়ি, এই মর্মে আমাদের পরিবারের বহুল ঘটনার মধ্যে কিছু ঘটনা আপনাকে অবগত করিতেছি যে ----

আমার তথা পাপিয়া মৈত্রের বড় ভাই উষা রঞ্জন মৈত্র তার নিজের বিয়ের কথা চিন্তা করে বাবা, মা কে বাধ্য করে তারই এক পরিচিতের সঙ্গে তার বোন পাপিয়া মৈত্রের বিয়ে দিতে এবং গত ১৯৯৭ সালে সে নিজে বিয়ে করে। পাপিয়া মৈত্রের বিয়ে সুপাত্রস্থ না হওয়ায় সে শশুরবাড়ি থেকে বাপের বাড়ি ফিরে আসলে উষা রঞ্জন মৈত্র শুরু করে পাপিয়া মৈত্রকে মারধোর এবং মানসিক অত্যাচার। প্রায় প্রতিদিন সে পাপিয়া মৈত্রকে মারতো আর শশুরবাড়িতে ফিরে যেতে বলতো আপত্তি করলেও মারতো। কারণে, অকারণে মারতো, বাড়িতে পাপিয়া মৈত্রের উপস্থিতি কিছুতেই সে মেনে নিতে পারতো না। এরপর পাপিয়া মৈত্রের Maintainance Case এবং পরবর্তীতে Divorce Case এ উষা রঞ্জন মৈত্র কোনোরকম সাহযোগিতা করেন নাই উপরন্তু বিপরীত পক্ষকে গোপনে সহযোগিতা করায় পাপিয়া মৈত্র ওই case গুলিতে কোনোরকম সুফল পান না। এই উষা রঞ্জন মৈত্র এতটাই উদ্ধত ও বদরাগী যে পরিবারের অন্য কেউ তার সামনে মুখ খুলতে সাহস করত না। পাপিয়া মৈত্রের উপর তার এই অত্যাচার সহ্য করতে না পেরে আমাদের সকলের পিতা দীনেশ চন্দ্র মৈত্র অসুস্থ হয়ে পড়েন ও গত ২০০১ সালে মারা যান। পরবর্তীতে পাপিয়া মৈত্রের জন্য আমাদের মা তার স্ব-নামীয় জমি বিক্রি করার চেষ্টা করলে উষা রঞ্জন মৈত্র তাতে বাঁধা দেয়। আমি উষা রঞ্জন মৈত্রের ভয়ে মুখ খুলতে সাহস করতাম না। সেকারণে মা জমি বিক্রির জন্য Court এর অন্যান্য Lawyer এর সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু মা জমি বিক্রি করতে পারেন না ও চিন্তায় চিন্তায় অসুস্থ হয়ে পড়লে উষা রঞ্জন মৈত্র, তার তিনতলার ঘরে মাকে গৃহবন্দি করে মায়ের ব্যাংক, পোস্ট অফিস ও বিভিন্ন জায়গার Account এ নিজেকে মায়ের নমিনি করতে বাধ্য করে ও বিভিন্ন কাগজে মা কে দিয়ে টিপ ও সই করিয়ে নেয়। গত ২৫শে ডিসেম্বর ২০২০, মা মারা গেলে তার নগদ, Account এর টাকা, মায়ের ব্যাক্তিগত সোনাদানা ও আমাদের সাবেকি আমলের বাসনপাত্র সমস্তটাই তারা আত্মসাৎ করে। মা অসুস্থ থাকাকালীন মায়ের ঘরে উষা রঞ্জন মৈত্র ও সুরজিৎ মৈত্র ও তাঁদের ফ্যামিলির যাওয়া আসা ছিল। আমার দিদি পাপিয়া মৈত্র চিৎকার চ্যাচামিচি করে মায়ের ঘরে ঢুকতে পারলেও আমার ও আমার পরিবারের কারোরই সেঘরে কোনোভাবেই প্রবেশধিকার ছিল না। যে কারণে মা মারা গেলে মায়ের শ্রাদ্ধশান্তির কাজ ওরা বাড়িতে করলেও আমি অন্যত্র করি। বাড়িতে থাকলেও আমার উপস্থিতি না থাকারই মতো কিন্তু বাড়ির সুনামের কথা ভেবে সব মুখবুজে সহ্য করি। উষা রঞ্জন মৈত্র ও তার বৌয়ের মারধোর ও মানসিক যন্ত্রনা ও সুরজিৎ মৈত্র ও তার বৌয়ের অকথ্য ভাষায় গালিগলাজ এর কারণে দিদি ডিপ্রেশনে ভুগতে শুরু করে। গত ২০২২ সালের প্রথমদিকে, সুরজিৎ মৈত্রের পরামর্শে উষা রঞ্জন মৈত্র ভয় দেখিয়ে বিভিন্ন কাগজে পাপিয়া মৈত্রকে দিয়ে সই করিয়ে নেয়। উদ্দেশ্য ছিল পাপিয়া মৈত্র যেন পাগল হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে মরে পড়ে থাকে। এরপর আমাকে মারতে বা সড়াতে পারলে সমস্ত পারিবারিক সম্পত্তি ওদের। তাঁদের ঐ রূপ অত্যাচারের কারণে দিদির অবস্থা দিন প্রতিদিন খারাপ হতে থাকে ও অর্ধনগ্ন অবস্থায় লোকের বাড়িতে চেয়ে চেয়ে খাওয়া শুরু করে। বাড়ির আশেপাশের লোকজন ছিঃ ছিঃ করলেও উষা রঞ্জন মৈত্র ও সুরজিৎ মৈত্রের পরিবারের তাতে কিছু যায় আসে না তখন আমি কিছু লোকের সহযোগিতায় দিদিকে আবার সুস্থ ও

Biswajit Moitra

স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য চিকিৎসা ও খাওয়ার ব্যবস্থা গত নভেম্বর ২০২২ থেকে শুরু করি। গত ১২/০১/২০২৩ তারিখে দিদির ব্লাড টেস্ট করিয়ে যখন ফিরে আসি তখন সুরজিৎ মৈত্র ও তার বৌ আমাকে বল্লম নিয়ে মারতে আসলে আমি কোনো ক্রমে পালিয়ে প্রাণ রক্ষা করি। এরপর দিদিকে শিলিগুড়ির সদর হসপিটালে ভর্তি করলে গত ১৫/০১/২০২৩ তারিখে সুরজিৎ মৈত্রের প্ররোচনায় উষা রঞ্জন মৈত্র আমার ঘরে ঢুকে বাটাম দিয়ে আমার বুকে গুতা মারলে আমি ছিটকে পড়ি ও অন্য ঘরে ঢুকে ছিটকানি দিয়ে কোনো ক্রমে আমার প্রাণ বাঁচাই। সে বলে "রক্তারক্তি করে জেলে যাব"। এদের দিন প্রতিদিন আমাকে "বাড়ি থেকে তাড়াবো, মেরে ফেলবো, F I R করবো, প্রফেশন চ্যারেট করে দিব" বলতে বলতে আমাকেও অসুস্থ করে ফেলেছে। তাঁদের বক্তব্য দিদির কোনো ব্যাপারে আমি যেন না থাকি। কারন পাপিয়া মৈত্র সুস্থ ও স্বাভাবিক হলে ওদের সব পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে।

উল্লেখ থাকে আমি, দিদির কথামতো, দিদির SBI, S F Road Branch এর Account এর টাকা অন্যত্র রাখার ব্যবস্থা করি কারণ দিদির আশঙ্কা তারা বহু অত্যাচার করে ওকে রাস্তায় নামিয়েছে এবার জোর করে তারা ওর Account এর টাকা নিয়ে নিবে।

ওদের নজর দিদির ওই Account এর ওপর ছিল। গত ২১/০১/২০২৩ তারিখে তারা যখন ব্যাপারটা জানতে পারলো তখন তারা প্রথমে দিদির উপর চড়াও হয় ও খাওয়ার না দিয়ে তালা চাবি দিয়ে বন্ধ/আটক করে রেখে দেয় ও পরে আমার উপর চড়াও হয় ও বলে Case করবে, জেলে পাঠাবে। গত ২৯/০১/২০২৩ তারিখে দিদির অবস্থা মৃতপ্রায় করে ওরা শিলিগুড়ির সদর হসপিটালে ভর্তি করে। গত ০৩/০২/২০২৩ তারিখে দুপুরে হসপিটালে গিয়ে জানতে পারি ওরা দিদিকে শিলিগুড়ির সদর হাসপাতাল থেকে অন্যত্র কোথাও স্থানান্তর করেছে। ওই দিনই সন্ধ্যা ৭ টা সময় বাড়ির সামনের বাগানে উষা রঞ্জন মৈত্রকে দিদি পাপিয়া মৈত্র কোথায় আছে জানতে চাইলে হঠাৎ আমাকে ঘুসি মেরে মুখের চোয়াল ফুলিয়ে দেয় ও আমাকে ও আমার বৌকে কুৎসিত ভাষায় গালাগালি করতে থাকে।

মায়ের পেনশন দিদিকে করে দেবে বলে দিদির সকল original document উষা রঞ্জন মৈত্র নিয়ে নেয়। পেনশনের কোনো কাজ না করে উষা রঞ্জন মৈত্র দিদির সমস্ত document আটকে রেখেছে।

উষা রঞ্জন মৈত্র এবং সুরজিৎ মৈত্র অতন্ত্য প্রভাবশালী দুই ব্যক্তি তারা আমাকে ও আমার পরিবার ও দিদিকে মেরে আমাদের পারিবারিক সমস্ত সম্পত্তি গ্রাস করবার পরিকল্পনা করছে। উষা রঞ্জন মৈত্র ও সুরজিৎ মৈত্র ও তাঁদের পরিবারের অত্যাচারে দিদি আজ হতাশাগ্রস্ত এবং মৃতপ্রায় ।

অতএব, মহাশয়ের কাছে বিনীত অনুরোধ আইনানুগ ব্যাবস্থা লইবেন যাহাতে আমি, আমার পরিবার ও দিদি এই উষা রঞ্জন মৈত্র, সুরজিৎ মৈত্র ও তাদের বৌদের হাত থেকে রক্ষা পাই ও আমাদের পারিবারিক সম্পত্তি তাঁদের হাত থেকে রক্ষা করিবার ব্যবস্থা করিয়া দিলে বাধিত হইব।

উষা রঞ্জন মৈত্র এবং সুরজিৎ মৈত্র ও তাঁদের পরিবারের প্রতিনিয়ত ভয় দেখানোর কারণে ও বাড়ির সুনামের কথা চিন্তা ও নিজের অসুস্থ থাকার কারণে অভিযোগ দাখিলে বিলম্ব হইল।

ধন্যবাদান্তে,

Received on 05.02.23 at 14.25 hrs. vide Slg PS GDE No. 276 dated 05.02.23 and started Slg PS case No. 78/23 dated 05.02.23 u/s- 406/417/420/323/324/506/120B IPC and endorsed to SI Azizul Haque of Slg PS for its investigation.

[signature] 05/02/23
Inspector-In-Charge
Siliguri Police Station
Siliguri Police Commissionerate

ইতি -

Biswajit Moitra

( বিশ্বজিৎ মৈত্র )

ফোন নং - ৯৪৩৪৩৭৮১১১ (মোবাইল)